"শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন"

**National Institute of Biotechnology**
Ministry of Science and Technology
Government of the People's Republic of Bangladesh
Ganakbari, Ashulia, Savar, Dhaka-1349.
Phone: +88-02-7789458, Fax: +88-02-7789636

**ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি**
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯।
ফোন: +৮৮-০২-৭৭৮৯৪৫৮, ফ্যাক্স: +৮৮-০২-৭৭৮৯৬৩৬

স্মারক নং-৩৯.০৬.২৬৭২.০০১.১১.০১৩.১৮/৮৪২

তারিখ: ১৩ কার্তিক ১৪২৫
২৮ অক্টোবর ২০১৮

## নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি এর রাজস্বখাতে অস্থায়ীভাবে নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:-

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও আবেদনের বিভাগসমূহ | পদের সংখ্যা | বেতন স্কেল (জা: বে: স্কেল /১৫ অনুযায়ী) | সর্বোচ্চ বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১। | বৈজ্ঞানিক কর্মকর্তা (গ্রেড- ৯)<br>বিভাগ:<br>এনভায়রনমেন্টাল, এনিমেল, প্ল্যান্ট, ফিশারিজ ও মলিকুলার বায়োটেকনোলজি | ০৫ | ২২০০০-৫৩০৬০/- | ৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে জীবপ্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর (থিসিসসহ) ডিগ্রি;<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষা হইতে স্নাতকোত্তর ডিগ্রি পর্যন্ত অন্যূন ৩ (তিন) টি ১ম বিভাগ, শ্রেণী বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ) সিজিপিএ থাকিতে হইবে: তবে শর্ত থাকে যে, কোন পরীক্ষায় ৩য় বিভাগ, শ্রেণী বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; |
| ২। | কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) | ০১ | ১১০০০-২৬৫৯০/- | ৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষা হইতে স্নাতক ডিগ্রি পর্যন্ত অন্যূন ১ (এক) টি ১ম বিভাগ, শ্রেণী বা সমমানের সিজিপিএ থাকিতে হইবে: তবে শর্ত থাকে যে, কোন পরীক্ষায় ৩য় বিভাগ, শ্রেণী বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;<br>(গ) বাংলা ও ইংরেজী টাইপিং এ যথাক্রমে অন্যূন ২০ ও ২৫ শব্দের গতিসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও সংশ্লিষ্ট কাজে অন্যূন ০৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; |
| ৩। | টেকনিশিয়ান (গ্রেড- ১৫)<br>(মুক্তিযোদ্ধা পোষ্য কোটায় ১ টি পদ পূরণযোগ্য) | ০২ | ৯৭০০-২৩৪৯০/- | ৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বিজ্ঞানে অন্যূন ২য় বিভাগ, শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি। |

### আবেদনের শর্ত ও নিয়মাবলী:

১। নিয়োগ সংক্রান্ত সকল তথ্য www.nib.gov.bd ওয়েব সাইট এ পাওয়া যাবে। প্রার্থীকে আবশ্যিকভাবে ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি)'র ওয়েব সাইট (www.nib.gov.bd) হতে আবেদনপত্রের নির্ধারিত ফরম ডাউনলোড করে কম্পিউটার কম্পোজ করে স্বাক্ষরসহ প্রেরণ করতে হবে। আবেদনপত্রের সফ্টকপি ইউনিকোডে (নিকশ ফন্ট) পূরণ করে dgnibbd@gmail.com-এ ই-মেইল যোগে প্রেরণ করতে হবে।

২। মুক্তিযোদ্ধার সন্তান বা পোষ্যদের জন্য সরকারী বিধি মোতাবেক বয়স শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩। আবেদনপত্রের সাথে সদ্য তোলা ৩ (কপি) পাসপোর্ট সাইজ ছবি (ছবির পেছনে নাম ও সত্যায়নসহ) সংযুক্ত করতে হবে।

৪। আবেদনপত্রের সাথে মহাপরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি'র অনুকূলে উত্তরা ব্যাংক, ইপিজেড শাখা, গণকবাড়ী, সাভার, ঢাকা-১৩৪৯ বরাবর উত্তরা ব্যাংকের যে কোন শাখা হইতে ১ নং পদের জন্য ৪০০ (চার শত) টাকা, ২ ও ৩ নং পদের জন্য ১০০ (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযোজন করতে হবে।

৫। প্রবেশ-পত্র প্রেরণের জন্য প্রার্থীদের নাম ও যোগাযোগের ঠিকানা উল্লেখ পূর্বক ৬/-(ছয়) টাকার ডাক টিকেটযুক্ত ৪×১০ ইঞ্চি সাইজের ২টি ফেরত খাম সংযুক্ত করতে হবে। ফেরত খামের উপর আবেদনকৃত পদের নাম এবং জেলার নাম উল্লেখ করতে হবে।

৬। প্রার্থীর ছবি, পরীক্ষার ফি বাবদ ড্রাফট/পে-অর্ডার কপি এবং ফেরত খাম ব্যতীত অন্য কোন সনদ বা প্রমানপত্রের অনুলিপি আবেদনের সাথে সংযুক্ত করার প্রয়োজন নেই। মৌখিক পরীক্ষার সময় আবেদনে উল্লেখিত সকল তথ্য প্রমাণের জন্য সনদ বা প্রমাণ পত্রের মূল কপি ও একসেট অনুলিপি (১ম শ্রেণীর সরকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) সাথে আনতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবি ও সিল থাকতে হবে।

৭। আবেদনপত্র আগামী ২৯ নভেম্বর, ২০১৮ তারিখ বিকাল ৪:০০ টার মধ্যে মহাপরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি, গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯ এই ঠিকানায় পৌছাতে হবে। খামের উপর পদের নাম, আবেদনের বিভাগ (বৈজ্ঞানিক কর্মকর্তার ক্ষেত্রে প্রযোজ্য), নিজ জেলা এবং কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে।

৮। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, বিলম্বে প্রাপ্ত ও সফটকপি বিহীন আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৯। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগ প্রাপ্ত হলে এবং পরবর্তী যেকোন সময় তা প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা এবং নিয়োগ সংক্রান্ত অন্যান্য সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১১। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে পৌছাতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।

**১২। বর্ণিত ৩ (টেকনিশিয়ান) নং পদের ১ টি পদ শুধুমাত্র মুক্তিযোদ্ধার সন্তান বা পোষ্য কোটায় পূরনযোগ্য।**

১৩। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। আবেদনপত্র গ্রহন, বাতিল, নিয়োগ এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদ সংখ্যা হ্রাস বৃদ্ধিসহ সকল ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। প্রয়োজনীয় ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি বিধান প্রযোজ্য হবে।

১৬। পদের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতার পরীক্ষায় অবতীর্ণ (appeared) প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

১৭। কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের সুযোগ দেয়া হবে।

১৮। মুক্তিযোদ্ধা পোষ্য কোটায় আবেদনপত্রের সহিত উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত সনদপত্রের সত্যায়িত কপি, মুক্তিযোদ্ধার তালিকা নম্বর (মুক্তিবার্তা নম্বর/গেজেট নম্বর), জাতীয় পরিচয়পত্র/জন্মতারিখ (সত্যায়িত ফটোকপি/প্রমাণক) সংযুক্তকরত নিম্নবর্ণিত ছক পূরণ করতে হবে:

| প্রার্থীর নাম | মুক্তিযোদ্ধার সহিত প্রার্থীর সম্পর্ক | মুক্তিযোদ্ধা সংক্রান্ত তথ্য | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | মুক্তিযোদ্ধার নাম ও পিতার নাম | উপজেলা/জেলার নাম | জাতীয় পরিচয়পত্র/জন্ম তারিখ | মুক্তিবার্তা নম্বর/গেজেট নম্বর ও তারিখ | সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর | মন্তব্য |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | | | | | | | |

এছাড়াও আবেদনকারীর সহিত সনদধারী মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর অথবা পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সংযুক্ত করতে হবে।

২৮/১০/২০১৮

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি